

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৯৫ ৪/ আন্তরিক কর্মাবলী পরিচ্ছেদঃ ইবাদতে মধ্যমপন্থা অবলম্বন

### আরবী

وَعَن أَنسِ قَالَ: جَاءَ ثَلاثَةُ رَهْطٍ إِلَى بُيُوتِ أَزْوَاجِ النَّبِي عَلَيْ يَسْأَلُونَ عَن عِبَادَةِ النَّبِي عَلَيْ فَلَمَّا أُخْبِرِوا كَأَنَّهُمْ تَقَالُّوهَا وَقَالُواْ: أَيْنَ نَحْنُ مِنَ النَّبِي عَلَيْ وَقَدْ غُفِرَ لَهُ مَا تَقَدَّمَ مِنْ وَمَا تَأْخُر قَالَ أَحدُهُم: أَمَّا أَنا فَأُصلِّي اللَّيلَ أَبداً وَقَالَ الآخَرُ: وَأَنَا أَصُومُ الدَّهْرَ أَبُداً وَلا أُفْطِرُ وَقَالَ الآخَر: وَأَنَا أَعْتَزِلُ النِّسَاءَ فَلاَ أَتَزَقَّجُ أَبَداً فَجَاءَ رَسُولُ الله عَلَيْ إلَيهِم فَقَالَ أَنْتُمُ الَّذِينَ قُلْتُمْ كَذَا وَكَذَا ؟ أَمَا واللهِ إنِي لأَخْشَاكُمْ للهِ وَأَتْقَاكُمْ لَهُ لَكِنِي أَصُومُ النِّي وَأُفْطِرُ وأَمْنُ رَغِبَ عَن سُنَّتِي فَلَيْسَ مِنِي مُتَّفَقٌ عَلَيهِ وَأُفْطِرُ وأَصَلِّي وَأَرْقُحُ النِساءَ فَمَنْ رَغِبَ عَن سُنَّتِي فَلَيْسَ مِنِي مُتَّفَقٌ عَلَيهِ

#### বাংলা

(৩৯৫) আনাস (রাঃ) বলেন যে, তিন ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রীদের বাসায় এলেন। তাঁরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ইবাদত সম্পর্কে জিজ্ঞাসা করলেন। অতঃপর যখন তাঁদেরকে এর সংবাদ দেওয়া হল তখন তাঁরা যেন তা অল্প মনে করলেন এবং বললেন, আমাদের সঙ্গে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর তুলনা কোথায়? তাঁর তো আগের ও পরের সমস্ত গোনাহ মোচন ক'রে দেওয়া হয়েছে। (সেহেতু আমাদের তাঁর চেয়ে বেশী ইবাদত করা প্রয়োজন)।

সুতরাং তাঁদের মধ্যে একজন বললেন, আমি সারা জীবন রাতভর নামায পড়ব। দ্বিতীয়জন বললেন, আমি সারা জীবন রোযা রাখব, কখনো রোযা ছাড়ব না। তৃতীয়জন বললেন, আমি নারী থেকে দূরে থাকব, জীবনভর বিয়েই করব না।

অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদের নিকট এলেন এবং বললেন, তোমরা এই এই কথা বলেছ? শোনো! আল্লাহর কসম! আমি তোমাদের চেয়ে বেশী আল্লাহকে ভয় করি, তার ভয় অন্তরে তোমাদের চেয়ে বেশী রাখি। কিন্তু আমি (নফল) রোযা রাখি এবং রোযা ছেড়েও দিই, নামায পড়ি এবং নিদ্রাও যাই। আর নারীদের বিয়েও করি। সুতরাং যে আমার সুন্নত হতে মুখ ফিরিয়ে নিবে, সে আমার দলভুক্ত নয়।

### ফুটনোট



# (বুখারী ৫০৬৩, মুসলিম ৩৪৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন